Bangladesh

মুজিব বর্ষের অঙ্গীকার:
"সর্বোচ্চ দক্ষতায় নিয়ম মেনে কাজ করবো,
অন্যায় করবো না, অন্যায় হতে দেবো না।"

# আশুগঞ্জ ফার্টিলাইজার এ্যান্ড কেমিক্যাল কোম্পানি লিমিটেড

(বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের একটি প্রতিষ্ঠান)

ASHUGANJ FERTILIZER & CHEMICAL COMPANY LIMITED

ASHUGANJ, BRAHMANBARIA-3403, BANGLADESH

আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, বাংলাদেশ।

PHONE: 88-08528-74355, 74231 FAX NO: 88-08528-74211 E-mail : afcclmd@gmail.com Web : www.afccl.gov.bd

মুজিব বর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

সূত্র নং-৩৬.০৯১.০১৯.০৮.৪৬.২২৮৩.২০২৩.০২.০৯/ ২৯০৮

তারিখ: ২১/০৯/২০২৩ খ্রি.

জনাব তাপস কুমার সরকার
উপ-ব্যবস্থাপক (বাণিজ্যিক)
বাণিজ্যিক/বিক্রয়
এএফসিসিএল।

বিষয়: কৈফিয়ত তলবসহ চাকুরী হতে সাময়িক বরখাস্ত।

মহোদয়,

আপনার বিরুদ্ধে আনীত নিম্নলিখিত অভিযোগসমূহ বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা'৮৮ ইং অনুযায়ী অসদাচরণের পর্যায়ভূক্ত। উল্লিখিত কার্যকলাপের জন্য কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা অন্য কোন যথোপযুক্ত শাস্তি আরোপ করা হবে না, তার ব্যাখ্যা (যদি কিছু থাকে) এ নোটিশ পাওয়ার ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিতভাবে প্রদান করবেন এবং এ ব্যাপারে আপনি ব্যক্তিগত ভাবে শুনানীর ইচ্ছে পোষণ করেন কিনা তাও জবাবে উল্লেখ করবেন:

অভিযোগসমূহ

১। গত ১৯/০৯/২০২৩ খ্রি. তারিখে সকাল আনুমানিক ৯:০০ ঘটিকার সময় ঢাকা মেট্রো-ট : ১৮-৮৫১১ নং খালী ট্রাকটি সার নেয়ার জন্য কারখানার ১ নং গেইটে এন্ট্রি করে ভিতরে প্রবেশ করে। সার লোড নিয়ে ট্রাকটি আনুমানিক ১২:২০ ঘটিকার সময় কারখানার ১ নং গেইটে আসলে কর্তব্যরত নিরাপত্তা প্রহরীদের সন্দেহ হলে তারা গেইটের সামনে ট্রাকটি থামিয়ে হেলপারকে নামিয়ে ট্রাকটির কেবিন চেক করেন। চেক করার কোন এক ফাঁকে ট্রাক হেলপার চলে যায় এবং ট্রাকের ড্রাইভার মো: জামিল মিয়া, পিতা- আ: কুদ্দুছ মিয়া, গ্রাম-চরচারতলা, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ঐ সময় ট্রাকের ভিতরে অবস্থান করছিলেন। ঘটনাস্থলে জনাব মো: আবদুল মান্নান, নিরাপত্তা পরিদর্শক, জনাব মো: নাজমুন রশীদ, উপ-ব্যবস্থাপক (নিরাপত্তা), এএফসিসিএল পুলিশ ক্যাম্পের এসআই জনাব মো: নুরে আলম ও আনসার কমান্ডার (পিসি) জনাব মো: সামসুল হক চৌধুরী-সহ অন্যান্যদের উপস্থিতিতে ট্রাক ড্রাইভারকে ট্রাকটি পিছনে নেয়ার নির্দেশ প্রদান করা হলেও ড্রাইভার ট্রাকটি পিছনে না নিয়ে গেইট ভেঙ্গে দ্রুত গতিতে বাহিরে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। প্রশাসন বিভাগীয় প্রধান, ব্যবস্থাপক (প্রশাসন), উপ-ব্যবস্থাপক (নিরাপত্তা), পুলিশ ক্যাম্পের এসআই, আনসার কমান্ডার ও অন্যান্য নিরাপত্তা প্রহরীসহ সকলে ট্রাকটির পিছনে পিছনে গাড়ী ও মোটর সাইকেল নিয়ে ধাওয়া করলে জিটিসিএল বরাবর রাস্তায় ড্রাইভার ট্রাকটি রেখে লাফ দিয়ে নেমে দ্রুত গতিতে গ্রামের ভিতর দিয়ে পালিয়ে যায়। পরবর্তীতে মালামালসহ ট্রাকটি আনুমানিক দুপুর ১৩:৩০ ঘটিকায় সময় কারখানার ভিতর নিয়ে আসা হয়।

২। গেইট পাশ অনুযায়ী ট্রাকটিতে ৩০০ (তিনশত) বস্তা সার থাকার কথা থাকলেও গণনা করে পরবর্তীতে ২৬ (ছাব্বিশ) বস্তা ইউরিয়া সার (ব্রান্ড-সৌদিবল) অতিরিক্ত পাওয়া যায়।

৩। সংঘটিত ঘটনার সময় আপনি সিফট ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করেছেন। আপনার দায়িত্ব পালনে অবহেলার কারণে এতদসংক্রান্ত ঘটনাটি সংঘটিত হয়েছে।

৪। আপনার দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, অসচেতনতা অসদাচরণের পর্যায়ভূক্ত ও গুরুতর শাস্তিযোগ্য অপরাধ।

৫। বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৮ অনুযায়ী অপরাধের গুরুত্ব বিবেচনায় আপনাকে কৈফিয়ত তলবসহ চাকুরী হতে সাময়িক বরখাস্ত (Suspend) করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক খোরাকি মঞ্জুরী (Subsistence Grant) পাবেন। বরখাস্তকালীন আপনি দৈনিক কারখানার প্রধান ফটকে রক্ষিত হাজিরা খাতায় স্বাক্ষর করবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২১/০৯/২০২৩

(জলি বেগম)
ব্যবস্থাপক (প্রশাসন)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে

অনুলিপি:

১। সহকারী প্রশাসনিক কর্মকর্তা (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর।
২। বিভাগীয় প্রধান (বাণিজ্যিক)।
৩। বিভাগীয় প্রধান (হিসাব ও অর্থ)।
৪। অনুবিভাগীয় প্রধান (বিক্রয়)।
৫। উপ-ব্যবস্থাপক (নিরাপত্তা)।
৫। ব্যক্তিগত নথি, নোটিশ বোর্ড।

০১। কর্মচারী প্রধান, বিসিআইসি, ঢাকা।
০২। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), চেয়ারম্যান সচিবালয়, বিসিআইসি, ঢাকা।

F:\DISCIPLINERY ACTION\Show Cause\Tafash Kumar Sarker, DM (Com.).doc

আশুগঞ্জ ফার্টিলাইজার এ্যান্ড কেমিক্যাল কোম্পানি লিমিটেড
(বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের একটি প্রতিষ্ঠান)
ASHUGANJ FERTILIZER & CHEMICAL COMPANY LIMITED
ASHUGANJ, BRAHMANBARIA-3403, BANGLADESH
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, বাংলাদেশ।
PHONE: 88-08528-74355, 74231 FAX NO: 88-08528-74211 E-mail : afcclmd@gmail.com Web : www.afccl.gov.bd

মুজিব বর্ষের অঙ্গীকার:
"সর্বোচ্চ দক্ষতায় নিয়ম মেনে কাজ

মুজিব বর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

সূত্র: ৩৬.০৯১.০০০.০৮.৪৬.২৮০৪.২০২৩/০২/০৭/২৯০২ তারিখ: ২১/০৯/২০২৩ খ্রিঃ

জনাব মোঃ আরিফুর রহমান
রেকর্ড সর্টার
বাণিজ্যিক/বিক্রয়
এএফসিসিএল।

বিষয়: কৈফিয়ত তলবসহ চাকুরী হতে সাময়িক বরখাস্ত প্রসঙ্গে।

মহোদয়,

আপনার বিরুদ্ধে আনীত নিম্নলিখিত অভিযোগসমূহ বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ২৩ এর ৪(খ) অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত ও গুরুতর শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অসদাচরণের জন্য কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা আপনার বিরুদ্ধে অন্য কোনরূপ যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা আরোপ করা হবে না তা অত্র পত্র প্রাপ্তির অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিতভাবে জানানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। যথাসময়ে জবাব প্রদানে ব্যর্থ হলে আপনার বিরুদ্ধে একতরফা আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অভিযোগসমূহ

০১। আপনি গত ১৯/০৯/২০২৩ খ্রি. তারিখ সকাল পালায় (সকাল ৬:০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত) ৪নং টাওয়ার সংশ্লিষ্ট রাস্তায় সৌদি বল মার্কা ব্র্যান্ডের সার লোডিং পয়েন্টে দায়িত্বরত ছিলেন। আনুমানিক ১২:২০ মিনিটে সার লোডকৃত ট্রাক (ঢাকা মেট্রো: ট-১৮-৮৫১১) কারখানার ১নং গেইটে এলে, ওই ট্রাকে ৩০০ বস্তা সারের স্থলে ৩২৬ বস্তা সার অর্থ্যাৎ ২৬ (ছাব্বিশ) বস্তা অতিরিক্ত সার পাওয়া যায়। উক্ত ২৬ (ছাব্বিশ) বস্তা সার চুরির সঙ্গে আপনার সংশ্লিষ্টতার অভিযোগ পাওয়া গিয়েছে।

০২। আপনার এরূপ কার্যকলাপ শাস্তিযোগ্য অপারাধ ও কারখানার নিয়ম-শৃঙ্খলা পরিপন্থি।

আপনার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ যেহেতু গুরুতর ; সেহেতু ঘটনার তদন্ত সাপেক্ষে আপনাকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২৪(২) ধারা মতে কৈফিয়ত তলবসহ চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো; যা অবিলম্বে কার্যকর হবে। নিয়মানুযায়ী আপনি জীবিকা ভাতা প্রাপ্য হবেন এবং বরখাস্তকালীন আপনি দৈনিক কারখানার প্রধান গেইটে রক্ষিত হাজিরা খাতায় স্বাক্ষর করবেন।

২১/৯/২৩
(সঞ্জয় কুমার নাথ ভৌমিক)
উপব্যবস্থাপক (প্রশাসন)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

অনুলিপি:
০১। সহকারী প্রশাসনিক কর্মকর্তা (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর।
০২। মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)।
০৩। মহাব্যবস্থাপক (প্রশাসন)।
০৪। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)।
০৫। অনুবিভাগীয় প্রধান (বাণিজ্যিক/বিক্রয়)।
০৬। উপব্যবস্থাপক (নিরাপত্তা)।
০৭। ব্যক্তিগত নথি।
০৮। মাষ্টার নথি।
০৯। নোটিশ বোর্ড।

০১। কর্মচারী প্রধান, বিসিআইসি, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

আশুগঞ্জ ফার্টিলাইজার এ্যান্ড কেমিক্যাল কোম্পানি লিমিটেড
(বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের একটি প্রতিষ্ঠান)
ASHUGANJ FERTILIZER & CHEMICAL COMPANY LIMITED
ASHUGANJ, BRAHMANBARIA-3403, BANGLADESH
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, বাংলাদেশ।
PHONE: 88-08528-74355, 74231 FAX NO: 88-08528-74211 E-mail : afcclmd@gmail.com Web : www. afccl.gov.bd

মুজিব বর্ষের অঙ্গীকার:
"সর্বোচ্চ দক্ষতায় নিয়ম মেনে কাজ

মুজিব বর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

সূত্র: ৩৬.০৯১.০০০.০৮.৪৬.২৮৩৬.২০২৩/০২/০৭/২৯০৩

তারিখ: ২১/০৯/২০২৩ খ্রিঃ

জনাব মোঃ শফিকুল ইসলাম ভূঁইয়া
নিরাপত্তা প্রহরী
প্রশাসন/নিরপত্তা
এএফসিসিএল।

বিষয়: কৈফিয়ত তলবসহ চাকুরী হতে সাময়িক বরখাস্ত প্রসঙ্গে।

মহোদয়,

আপনার বিরুদ্ধে আনীত নিম্নলিখিত অভিযোগসমূহ বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ২৩ এর ৪(খ) অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত ও গুরুতর শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অসদাচরণের জন্য কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা আপনার বিরুদ্ধে অন্য কোনরূপ যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা আরোপ করা হবে না তা অত্র পত্র প্রাপ্তির অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিতভাবে জানানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। যথাসময়ে জবাব প্রদানে ব্যর্থ হলে আপনার বিরুদ্ধে একতরফা আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অভিযোগসমূহ

০১। আপনি গত ১৯/০৯/২০২৩ খ্রি. তারিখ সকাল পালায় (সকাল ৬:০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত) ৪নং টাওয়ার সংশ্লিষ্ট রাস্তায় সৌদি বল মার্কা ব্র্যান্ডের সার লোডিং পয়েন্টে দায়িত্বরত ছিলেন। আনুমানিক ১২:২০ মিনিটে সার লোডকৃত ট্রাক (ঢাকা মেট্রো: ট-১৮-৮৫১১) কারখানার ১নং গেইটে এলে, ওই ট্রাকে ৩০০ বস্তা সারের স্থলে ৩২৬ বস্তা সার অর্থ্যাৎ ২৬ (ছাব্বিশ) বস্তা অতিরিক্ত সার পাওয়া যায়। উক্ত ২৬ (ছাব্বিশ) বস্তা সার চুরির সঙ্গে আপনার সংশ্লিষ্টতার অভিযোগ পাওয়া গিয়েছে।

০২। আপনার এরূপ কার্যকলাপ শাস্তিযোগ্য অপারাধ ও কারখানার নিয়ম-শৃঙ্খলা পরিপন্থি।

আপনার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ যেহেতু গুরুতর ; সেহেতু ঘটনার তদন্ত সাপেক্ষে আপনাকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২৪(২) ধারা মতে কৈফিয়ত তলবসহ চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো; যা অবিলম্বে কার্যকর হবে। নিয়মানুযায়ী আপনি জীবিকা ভাতা প্রাপ্য হবেন এবং বরখাস্তকালীন আপনি দৈনিক কারখানার প্রধান গেইটে রক্ষিত হাজিরা খাতায় স্বাক্ষর করবেন।

২১/৯/২৩
(সঞ্জয় কুমার নাথ ভৌমিক)
উপব্যবস্থাপক (প্রশাসন)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

অনুলিপি:

০১। সহকারী প্রশাসনিক কর্মকর্তা (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর।
০২। মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)।
০৩। মহাব্যবস্থাপক (প্রশাসন)।
০৪। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)।
০৫। অনুবিভাগীয় প্রধান (বাণিজ্যিক/বিক্রয়)।
০৬। উপব্যবস্থাপক (নিরাপত্তা)।
০৭। ব্যক্তিগত নথি।
০৮। মাষ্টার নথি।
০৯। নোটিশ বোর্ড।

০১। কর্মচারী প্রধান, বিসিআইসি, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।